

## শিক্ষাঙ্গন

### মাদ্রাসা শিক্ষার সিলেবাস

মাদ্রাসা শিক্ষায় ধর্মীয় শিক্ষার পাশাপাশি কতিপয় বিষয় জুড়ে দিয়ে শিক্ষার মান উন্নয়ন করা হয়েছে যাতে দুনিয়াবী ও উখরবী "ফিদুনিয়া হাছানা" ও অফিল আখিরাতে হাছানা"-এর পথ সহজ হয়। কিন্তু দুঃখের বিষয় যে, এতে মাদ্রাসা শিক্ষক ও ছাত্রদের মধ্যে যে ডেডিকেশন ও অধ্যবসায় আশা করা গিয়েছিল তা কোথায় যেন উড়ে

যেতে বসেছে। ছাত্রদের মধ্যে আমল-আখলাখ-এর গড়পড়তা অভাব। এর জন্যে আর্থসামাজিক ব্যবস্থা কতকাংশে দায়ী থাকলেও অনস্বীকার্য যে, মাদ্রাসা শিক্ষা সূফী ফতেহ আলী, মাওলানা রুহুল আমিন, মাওলানা আবু বকর ও মাওলানা নেছারুদ্দীন প্রমুখ মরহুমদের মত ব্যক্তিত্ব একজনও জন্ম দিতে পারেনি। অশিতিপর বৃদ্ধ একজন নিবেদিত প্রাণ শিক্ষক প্রমোত্তরে বলেছেন মাদ্রাসা

শিক্ষকগণ আজ দিশেহারা। নবী মোস্তফা (সাঃ)-এর উসওয়াতুল হাসানার সীমা রেখায় আসা তাদের জন্যে সুদূর পরাহত হয়ে পড়েছে। এর আংশিক কারণ তাদের শিক্ষার মানের অবনতি প্রাক্তন শিক্ষামন্ত্রী ও বর্তমান ধর্মমন্ত্রী তৎকালে চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউটে বলেছেন, দুনিয়াবী আয়েশ মাদ্রাসা শিক্ষকদের ও ছাত্রদের উন্নতির পরিবর্তে অবনতি এতটুকু দিয়েছে যে, মাদ্রাসার কোন

ছাত্র আরবীতে শুদ্ধভাবে দরখাস্তও লিখতে পারে না। আমাদের বাড়ীতে আধা টাইটেল মাওলানা থাকা আমাদের মসজিদে ইমামত যোগ্যতা একজনও রাখে না। ইনকিলাব পত্রিকায় আমরা শিক্ষকদের তরফ থেকে এ মূল্যবান রচনা আশা করছি।

—মোঃ মোঃ